

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩৬]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ১৩: পুণ্যের পথ অনেক

(13) _ باب بيان كثرة طرق الخير.

আরবী

العشرون: عنه قال: أراد بنو سلمة أن ينقلوا قرب المسجد فبلغ ذلك رسول الله صلى الله عليه وسلم، فقال لهم: " إنه قد بلغني أنكم تريدون أن تنتقلوا قرب المسجد؟" فقالوا: نعم يارسول الله قد أردنا ذلك، فقال: "بني سلمة دياركم؛ تكتب آثاركم، دياركم، تكتب آثاركم" (رواه مسلم).

বাংলা

২০/১৩৯। জাবের রাদিয়াল্লাহু 'আনহু হতেই বর্ণিত যে, বনু সালেমাহ মসজিদের নিকটে স্থান পরিবর্তন করার ইচ্ছা করল। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে এই সংবাদ পৌঁছল। সুতরাং তিনি তাদেরকে বললেন, ''আমি খবর পেয়েছি যে, তোমরা স্থান পরিবর্তন করে মসজিদের নিকট আসার ইচ্ছা করছ?'' তারা বলল, 'হাাঁ, হে আল্লাহর রাসূল! আমরা এর ইচ্ছা করেছি।' তিনি বললেন, ''হে বনূ সালেমাহ! তোমরা তোমাদের (বর্তমান) গৃহেই থাকো; তোমাদের পদচিহ্নসমূহ লেখা হবে। তোমরা আপন গৃহেই থাকো; তোমাদের পদচিহ্নসমূহ লেখা হবে।'' (মুসলিম) অন্য এক বর্ণনায় আছে, ''নিশ্চয় তোমাদের প্রত্যেক পদক্ষেপের বিনিময়ে একটি মর্যাদা বৃদ্ধি হবে।''[1]

English

(13) Chapter: Numerous ways of doing Good

Jabir (May Allah be pleased with him) reported:

The tribe Banu Salimah wanted to move nearer to the mosque. On learning this Messenger of Allah () said to them, "I heard that you intend to move nearer to the mosque". They said, "That is so, O Messenger of Allah, we do want to do that". He said, "O Banu Salimah, keep to your homes, your steps (to the mosque) are recorded".



[Muslim].

Another narration says: "There is for every step (towards the mosque) a degree (of reward) for you".

[Muslim].

ফুটনোট

[1] মুসলিম ৬৬৫, আহমাদ ১৪১৫৬, ১৪৫৭৪, ১৪৭৭২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন